গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণী:

১.০	প্রকল্পের নাম	:	"বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প।
২.০	বাস্তবায়নকারী সংস্থা	:	সড়ক ও জনপথ অধিদপ্তর
৩.০	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪.০	প্রকল্পের অবস্থান	:	বরিশাল, পটুয়াখালী
৫.০	প্রকল্পের অনুমোদিত ব্যয়	:	১২৭৮৮২.০০ লক্ষ টাকা
৬.০	প্রকল্পের বাস্তবায়নকাল	:	এপ্রিল, ২০১২ হতে এপ্রিল, ২০২১

৭.০ **প্রকল্পের পটভূমিঃ**

বরিশাল-পটুয়াখালী সংযোগ সড়কটি কুয়াকাটা পর্যন্ত বিস্তৃতি। ঢাকা হতে যার দূরত্ব ২৮৭.০০ কিলোমিটার সড়ক ও জনপথ অধিদপ্তর সম্প্রতি এই রুটের (এন-৮) ১৮৯তম কিলোমিটার সড়ক ও জনপথ অধিদপ্তর সম্প্রতি এই রুটের (এন-৮) বরিশালের নিকট দপদপিয়া সেতু নির্মিত হয়েছে। যা ২২ ফেব্রুয়ারি ২০১১ তারিখ হতে যান চলাচলের জন্য উন্মুক্ত করা হয়েছে। সড়ক ও জনপথ কর্তৃক কুয়াকাটা পটুয়াখালী সড়কের ৬৫ কিলোমিটার সড়ক প্রশস্তকরণের কাজ হাতে নেয়া হয়েছে। এ কাজের মধ্যে কলাপাড়া, হাজীপুর ও মহীপুর ফেরীঘাটে ৩টি বড় ব্রীজ নির্মাণ কাজও অন্তর্ভূক্ত আছে। এ প্রেক্ষাপটে পায়রা নদীর উপর প্রস্তাবিত লেবুখালী সেতুটি নির্মিত হলে ঢাকা-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী-কুয়াকাটা সড়কটি একটি নিরবচ্ছিন্ন সড়ক হিসেবে গড়ে উঠবে এবং এর ফলে কুয়াকাটা সমুদ্র সৈকত ও পর্যটন কেন্দ্র তথা দক্ষিণ অঞ্চলের সার্বিক সড়কটি সহায়ক ভূমিকা পালন করবে।

৮.০ **প্রকল্পের উদ্দেশ্যঃ**

প্রকল্পের মূল উদ্দেশ্য হলো ঢাকা-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী সড়কের (এন-৮) ১৮৯তম কিলোমিটারে এবং বরিশাল-পটুয়াখালী সড়কের ২৬তম কিলোমিটারে লেবুখালী নামক স্থানে পায়রা নদীর উপর সেতু নির্মাণের মাধ্যমে ঢাকাসহ দেশের গুরুত্বপূর্ণ স্থানে সাথে দক্ষিণাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা স্থাপন।

৯.০ **প্রকল্পের মূল কার্যক্রম/প্রধান প্রধান অঙ্গ ও ব্যয়ঃ**

(লক্ষ টাকা)

অঙ্গের নাম (পরিমাণসহ)	পরিমাণ	অনুমোদিত ব্যয়
নক্সা প্রণয়ন ও নির্মাণকাজ তদারকি পরামর্শ সেবা	থোক	২৭৫৯.১১
ভূমি অধিগ্রহণ	৮.৮৯ হেক্টর	১৫৫২.২৫
সেতু নির্মাণ:		
১) ফাউন্ডেশন নির্মাণ	থোক	৪৩৩৮৬.৯১
২) সাব-স্ট্রাকচার নির্মাণ	থোক	১০৬৩৬.৮২
৩) সুপার-স্ট্রাকচার নির্মাণ	১৪৭০ মিটার	২২৭৮২.১৫
৪) নদী তীর সংরক্ষণ কাজ	১৪৭৫ মিটার	১৮৫৪৮.০৯
৫) সংযোগ সড়ক নির্মাণ	৬০০ মিটার	১৪৯৩.২২
৬) প্রভিশন ফর প্রাইস এডজাস্টমেন্ট	থোক	১৫০১১.৫৯
৭) অতিরিক্ত ভ্যাট ও আইটি (পূর্তকাজের জন্য)	থোক	২৮৮০.৮২
৮) ফিজিক্যাল কন্টিনজেন্সী	২%	২৫৫৭.৭৪
৯) প্রাইস কন্টিনজেন্সী	২%	১২৭৮.৮৯

খ) পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি TOR

১০.০ পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ

১) প্রকল্পের সম্পূর্ণ এলাকা সমীক্ষার আওতাভূক্ত হিসেবে নিবিড় পরিবীক্ষণ করতে হবে;

২) প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন ও সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অর্থায়নসহ প্রাসংগিক তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৩) প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সরণী/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ করতে হবে;

৪) প্রকল্পের উদ্দেশ্যাবলী অর্জন, ফলপ্রসু করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান করা;

৫) প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে যথাযথভাবে প্রচলিত আইন ও বিধিমালা, পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর নির্দেশনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যবেক্ষণ ও পর্যোলোচনা;

৬) প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুণগত মান ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না তা যাচাই করা;

৭) প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যোলোচনা ;

৮) প্রকল্পের আওতায় চলমান ও সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ করা এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত করা;

৮.১ "বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ" শীর্ষক প্রকল্পের সেতু নির্মাণের বিবিধ বিষয়ে মতামত প্রদান;

৯) প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম টেকসই করার লক্ষ্যে মতামত প্রদান;

১০) প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও হুমকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;

১১) উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;

১২) প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি: (i) প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্য, এফজিডিও স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করে নিবিড় পরিবীক্ষণ কাজের ভিত্তিতে একটি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন এবং ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক অনুমোদন গ্রহণ এবং (ii) জাতীয় পর্যায়ের একটি কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের পর্যবেক্ষণ (Finding) সমূহ অবহিত করা ও কর্মশালায় প্রাপ্ত মতামত ও সুপারিশসমূহের আলোকে প্রতিবেদনটি চুড়ান্ত করা;

১৩) পরামর্শক প্রতিষ্ঠান চুক্তির তারিখ হতে চার মাসের মধ্যে সমীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম চুড়ান্ত করবে;

১৪) পরামর্শকের সাথে আলোচনাপূর্বক ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক আরোপিত/নির্দেশিত/প্রয়োজনীয় অন্যান্য সংশ্লিষ্ট দায়িত্ব পালন।

ছ) ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান	-	• গবেষণা/ প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার-	সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রী; মাস্টার্স/উচ্চতর ডিগ্রী/ব্রীজ নির্মাণ সংক্রান্ত কাজে বিশেষ শিক্ষাগত যোগ্যাতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• গবেষণা/স্ট্যাডি পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • সংশ্লিষ্ট কাজে এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ৩ (তিন)টি অথবা ডেপুটি টিমলিডার হিসেবে কমপক্ষে ৫ (পাঁচ)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করার অভিজ্ঞতা; • আধুনিক মানের সেতু নির্মাণ কাজ এবং নির্মাণপূর্ব স্টাডী পরিচালনা ও তদারকির অভিজ্ঞতা থাকতে হবে; • কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল spsসহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষ হতে হবে এবং • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) এবং e-GP তে কাজ করার অভিজ্ঞতা ;
	খ) হাইড্রোগ্রাফার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ডিগ্রী/পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন হাইডোগ্রাফি	• সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন।
	গ) পরিসংখ্যান বিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ফলিত পরিসংখ্যান বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রী।	• মাঠ পর্যায়ে সমীক্ষা পরিচালনায় Spss সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

(ঘ) নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	সংখ্যা
১)	ইনসেপশন রিপোর্ট (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০=৪০টি
২)	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০=৪০টি
৩)	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	১০০ কপি জাতীয় কর্মশালার জন্য
৪)	২য় খসড়া প্রতিবেদন (বাংলায় ও ইংরেজীতে)		২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০=৪০টি
৫)	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজীতে ।	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে	(৪০+২০) = ৬০টি

ঞ) ২০১৯-২০ অর্থ বছরে নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত পরিপত্রের সংযোজনী-৫ এর শর্তাবলী প্রযোজ্য হবে।(এ সংযোজনীটি আইএমইডির ওয়েব সাইটে সংশ্লিষ্ট পরিপত্রে পাওয়া যাবে।)

ট) ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল (ডিপিপি/আডিপিপি)
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য সহযোগীতা প্রদান ইত্যাদি।

(কানিজ মওলা)
উপ-পরিচালক